দৈনিক খবর

০৪৯

তারিখ 04 OCT 1988
পৃষ্ঠা ... কলাম 7

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ঢাকা
ডকুমেন্টেশন কেন্দ্র



শিক্ষামন্ত্রী জনাব আনিসুল ইসলাম মাহমুদ ও পররাষ্ট্রমন্ত্রী জনাব হুমায়ুন রশীদ চৌধুরী সোমবার ৩রা অক্টোবর ঢাকায় যৌথভাবে এক সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন

পররাষ্ট্র ও শিক্ষামন্ত্রীর যৌথ সাংবাদিক সম্মেলন

# এই অঞ্চলের কোন দেশকে বাদ দিয়ে দুর্যোগ মোকাবেলা সম্ভব নয়

॥ কূটনৈতিক সংবাদদাতা ॥

বন্যা সমস্যার স্থায়ী সমাধানের মূল চাবিকাঠি এ অঞ্চলের দেশগুলোর পূর্ণ সহযোগিতার মধ্যে নিহিত। বন্যা নিয়ন্ত্রণ ও নদী ব্যবস্থাপনার ক্ষেত্রে আঞ্চলিক সহযোগিতা অত্যাবশ্যক। এ অঞ্চলের কোন একটি দেশকে বাইরে রেখে প্রাকৃতিক দুর্যোগের স্থায়ী সমাধান সম্ভব নয়।

রাষ্ট্রপতি এরশাদের নেপাল সফরের পরিপ্রেক্ষিতে গতকাল সোমবার রাষ্ট্রীয় অতিথি ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী হুমায়ুন রশীদ চৌধুরী ও শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ এ কথা বলেন।

তাঁরা বলেন, এই লক্ষ্য নিয়ে রাষ্ট্রপতি এরশাদ ভারত ও নেপাল সফর করেছেন। কাঠমণ্ডুতে রাষ্ট্রপতি রাজা বীরেন্দ্রর সাথে ব্যাপক আলোচনা করেছেন এবং এ ব্যাপারে তাঁরা সহযোগিতার বিভিন্ন ক্ষেত্র চিহ্নিত করার জন্য একটি যৌথ সমীক্ষা দল গঠন করেছেন। শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## এই অঞ্চলের কোন দেশকে

প্রথম পৃষ্ঠার পর

তাঁরা এ সমীক্ষা দল গঠনকে বন্যা প্রতিরোধ ও পানি সম্পদ ব্যবহারে আঞ্চলিক সহযোগিতার একটি বিরাট সাফল্য বলে অভিহিত করেন। তাঁরা বলেন, এই উদ্যোগ এ অঞ্চলের জনগণের সর্বাধিক কল্যাণে পানি সম্পদের বহুমুখী ব্যবহারের এক ধাপ অগ্রগতি।

উল্লেখ্য, কাঠমণ্ডুতে সফরের আগে রাষ্ট্রপতি এরশাদ নতুন দিল্লীতে ভারতীয় প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর সাথে আলোচনা করেন। এ আলোচনার ফলশ্রুতিতে বাংলাদেশ-ভারত টাস্ক ফোর্স গঠিত হয়। বন্যা সমস্যার স্থায়ী সমাধানে আঞ্চলিক ও বহুমুখী সহযোগিতার ক্ষেত্রে এ দুইটি পদক্ষেপ অত্যন্ত গুরুত্ব ও তাৎপর্যপূর্ণ। এ ক্ষেত্রে দ্বিপক্ষীয় সহযোগিতার মূল লক্ষ্য হচ্ছে বহুমুখী প্রচেষ্টা জোরদার করা।

দুই মন্ত্রী বলেন, বাংলাদেশের প্রচেষ্টার লক্ষ্য হচ্ছে উপর্যুপরি বন্যা প্রতিরোধে বহুমুখী ও আঞ্চলিক ব্যবস্থা প্রণয়নে আঞ্চলিক ও বিভিন্নমুখী সহায়তার ব্যবস্থা করা।

পররাষ্ট্রমন্ত্রী বলেন, বন্যা সমস্যার স্থায়ী সমাধানের লক্ষ্যে জাতিসংঘের সাহায্য ও সহযোগিতায় আমরা একটি ফরমুলা উদ্ভাবন করব। ১৯৮৫ সালে জাতিসংঘ সাধারণ পরিষদের একটি প্রস্তাবে এই ধরনের একটি ফরমুলার বিষয় অন্তর্ভুক্ত রয়েছে। ৬২টি দেশের যৌথ উদ্যোগে উত্থাপিত এই প্রস্তাবে বন্যা সমস্যার স্থায়ী সমাধানের লক্ষ্যে বাংলাদেশের সাথে সহযোগিতা করার জন্য জাতিসংঘের সকল দেশের প্রতি আহবান জানানো হয়।

এক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ বলেন, বাংলাদেশ-নেপাল যৌথ সমীক্ষা দল আগামী এক সপ্তাহের কাজ শুরু করবে। বাংলাদেশ-ভারত টাস্ক ফোর্সের কাজও খুব সত্বর শুরু হবে বলে তিনি আশা প্রকাশ করেন। উল্লেখ্য, জনাব মাহমুদ এর আগে সেচ ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন।

নতুন দিল্লীতে এরশাদ-রাজীব আলোচনা সম্পর্কে অল ইণ্ডিয়া রেডিও'র একটি খবর সম্পর্কে প্রশ্ন করা হলে পররাষ্ট্রমন্ত্রী বলেন, এটা অল ইণ্ডিয়া রেডিও'র নিজস্ব বানোয়াট ও তথ্যের বিকৃতি ছাড়া আর কিছুই নয়। দুই নেতা যে আলোচনা করেছেন, এ খবর তার সাথে সম্পর্কিত নয়। তিনি বলেন, নতুন দিল্লীতে নিয়োজিত আমাদের হাই কমিশনারকে নির্দেশ দেয়া হয়েছে এ ব্যাপারে ভারত সরকারের কাছ থেকে ব্যাখ্যা চাওয়ার এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

ভারতের সংযোগ খালের প্রস্তাব সম্পর্কে প্রশ্ন করা হলে শিক্ষামন্ত্রী বলেন, এ প্রস্তাব বহু আগেই বাংলাদেশ প্রত্যাখ্যান করেছে এবং এটা এখন একটা মৃত প্রস্তাব ছাড়া আর কিছুই নয়। রাষ্ট্রপতি এরশাদ ভারতের প্রধানমন্ত্রীকে বলেছেন যে, বাংলাদেশ এ স্কীম সম্পর্কে আলোচনা করবে না।

অপর এক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী বলেন, এ অঞ্চলে পানি সম্পদ ব্যবস্থাপনায় গত ১১ বছর ধরে চেষ্টা করার পর এবার নেপালকে অন্তর্ভুক্ত করা সম্ভব হয়েছে। তিনি বলেন, বন্যা সমস্যার স্থায়ী সমাধান করতে অনেক সময় ও অর্থের প্রয়োজন হবে। কিন্তু আমরাতো আর বসে থাকতে পারি না। আভ্যন্তরীণভাবে আমরা নিজেরা সমস্যা মোকাবেলায় উদ্যোগ গ্রহণ করব। এ ব্যাপারে কি কার্যক্রম গ্রহণ করা যায় তা পরীক্ষা করা দেখা হচ্ছে।